**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড**
www.bkkb.gov.bd

**বিষয়: <u>৩১ মে, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮তম সভার কার্যবিবরণী।</u>**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৮তম বোর্ড সভা ৩১ মে, ২০১৮ তারিখ দুপুর ১২.০০ টায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের চেয়ারম্যান ড. মো: মোজাম্মেল হক খান এর সভাপতিত্বে তাঁর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্য/ কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট – 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকল সদস্য ও কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক ও বোর্ডের সদস্য সচিব-কে অনুরোধ করেন। মহাপরিচালক সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্যসূচি ১.০। গত ২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম সভার <u>কার্যবিবরণী নিশ্চিতকরণ।</u>**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক সভায় অবহিত করেন যে, ২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ২৭তম সভার কার্যবিবরণী সদস্যদের নিকট যথাসময়ে প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীর কোনরুপ সংশোধনী প্রস্তাব/মন্তব্য পাওয়া যায়নি। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে নিশ্চিত (Confirm) করা হয়। অতঃপর বিগত ২৪ ডিসেম্বর, ২০১৭ খ্রি. তারিখে অনুষ্ঠিত বোর্ডের ২৭তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়:

**(ক) <u>বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দিলকুশাস্থ নিজস্ব জায়গায় ৩০তলা ভবন নির্মাণ।</u>**

(i) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালক সভায় অবহিত করেন যে, মুখ্য সচিব মহোদয়ের নির্দেশনা অনুসারে মাননীয় প্রধানমন্ত্রীর নিকট থেকে এ উদ্দেশ্যে সময় নির্ধারণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে একটি সার-সংক্ষেপ প্রেরণের উদ্যোগ নেয়া হয়েছিল। এ পরিপ্রেক্ষিতে মাননীয় প্রতিমন্ত্রী ভবনের নক্সাটি পুনরায় দেখার/পর্যালোচনার আগ্রহ ব্যক্ত করেন। আগামী ০৩/০৬/২০১৮ খ্রি. তারিখে ভবনের নক্সা মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে দেখানো হবে।

(ii) শেরেবাংলা নগর কমিউনিটি সেন্টার সংক্রান্ত: বোর্ডের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, ২৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক ৩০ জুন, ২০১৮ খ্রি. পর্যন্ত চুক্তির মেয়াদ নবায়নের জন্য ২৯/০১/২০১৮খ্রি. ও ০৬/০৩/২০১৮খ্রি. তারিখে ৩০ জুন, ২০১৮ খ্রি. পর্যন্ত চুক্তির মেয়াদ নবায়নের জন্য র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ান-২, শেরেবাংলানগর, আগারগাঁও, ঢাকা এর নিকট পত্র প্রেরণ করা হয়েছে এবং এ কার্যালয়ে হালনাগাদ ভাড়া পরিশোধের ব্যাংক স্লিপ প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে র‍্যাব-২-কে উক্ত কমিউনিটি সেন্টারটি বোর্ডকে ফেরত প্রদানের জন্য পত্র দেয়া যেতে পারে। সভা এ বিষয়ে একমত পোষণ করে। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**সিদ্ধান্ত :**
**(১) মাননীয় প্রতিমন্ত্রী ভবনের নক্সা দেখার পর পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে;**
**(২) শেরেবাংলানগরস্থ কমিউনিটি সেন্টারের জায়গাটি খালি করে দেয়ার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়-কে অনুরোধ করতে হবে।**

**বাস্তবায়নে : (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;**
**(২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর;**
**(৩) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর।**

**(খ) <u>বোর্ডের নিজস্ব কমিউনিটি সেন্টারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ।</u>**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত বোর্ডের নিজস্ব জায়গায় ২০ (বিশ) তলা বহুতল ভবন নির্মাণের লক্ষ্যে স্থাপত্য নকশা প্রণয়নের জন্য গত ০৭/০২/২০১৮খ্রি. তারিখে প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, ঢাকাকে পত্র প্রেরণ করা হয়। স্থাপত্য অধিদপ্তর হতে এখনও কোন নকশা পাওয়া যায়নি।

চট্টগ্রাম কমিউনিটি সেন্টারের স্থানে স্থাপত্য অধিদপ্তরকে এক মাসের মধ্যে বহুতল ভবন নির্মানের নকশা প্রণয়নের জন্য জরুরী ভিত্তিতে পত্র প্রদান করা যেতে পারে। স্থাপত্য অধিদপ্তর হতে এক মাসের মধ্যে নকশা না পেলে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আউট সোর্সিং এর মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরি ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে পারে মর্মে সভায় সকলে একমত প্রকাশ করেন। এ বিষয়ে আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত : **বোর্ডের চট্টগ্রাম কমিউনিটি সেন্টারের স্থানে বহুতল ভবন নির্মাণের জন্য স্থাপত্য নকশা প্রণয়নের জন্য স্থাপত্য অধিদপ্তরকে তাগিদপত্র প্রদান করতে হবে এবং এক মাসের মধ্যে নকশা না পেলে কল্যাণ বোর্ড আউটসোর্সিং এর মাধ্যমে নিজস্ব তত্ত্বাবধানে নকশা তৈরী ও পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।**

**বাস্তবায়নে : (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**(২) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।**
**(৩) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ।**

**(গ) <u>সোনালী ব্যাংক ও বোর্ডের বিভাগীয় কার্যালয়সমূহের কল্যাণ ভাতার কার্ডভিত্তিক হিসাব রিকনসাইল করে সমন্বয় করা প্রসঙ্গে।</u>**

মহাপরিচালক সভায় জানান যে, ২৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক বোর্ডের বিভাগীয় উপপরিচালকগন হিসাব রিকনসাইলের কাজ ২০০৬ থেকে ২০১৫ সাল পর্যন্ত সম্পন্ন করেছেন। বোর্ডের আর কোন বিভাগ থেকে ব্যাংক টাকা পাবে না বলে ব্যাংক কর্তৃপক্ষ মৌখিকভাবে জানিয়েছেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত : (১) সোনালী ব্যাংক রমনা কর্পোরটে শাখা তাদের সংশ্লিষ্ট সকল শাখা হতে মেয়াদোত্তীর্ণ সকল আদেশনামা ফেরত এবং ২০০৬ থেকে ২০১৭ সন পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত সম্পন্ন করবেন;**
**(২) বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ সোনালী ব্যাংকের সংশ্লিষ্ট কর্পোরেট শাখার সাথে সার্বক্ষণিক যোগাযোগের মাধ্যমে ২০০৬ সন থেকে ২০১৭ পর্যন্ত হিসাব রিকনসাইল কাজ দ্রুত শেষ করবেন;**

**বাস্তবায়নে : (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড;**
**(২) সোনালী ব্যাংক রমনা কর্পোরেট শাখা;**
**(৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয় (সকল)।**

**(ঘ) <u>কল্যাণ তহবিলের মাসিক চাঁদা এবং যৌথবীমার প্রিমিয়াম বৃদ্ধিকরণ।</u>**

সদস্য সচিব সভাকে জানান যে, **সরকারি কর্মচারীগণের কল্যাণ তহবিলের চাঁদা ও যৌথবীমার প্রিমিয়ামের হার এবং ভাতার পরিমান বৃদ্ধির জন্য বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধিত) আইন, ২০১৭ এর সংশোধন করার জন্য জাতীয় সংসদে প্রেরণ করা হয়েছে।** আইন সংশোধনের পর বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (তহবিলসমূহ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ) বিধিমালা, ২০০৬ সংশোধন করা হবে।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধিত) আইন, ২০১৭ প্রণয়নের কাজটি নিবিড়ভাবে অনুসরণ করতে হবে।**
**বাস্তবায়নে : (১) অতিরিক্ত সচিব (প্রশাসন), জনপ্রশাসন মন্ত্রণালয়;**
**(২) অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয়।**

**(ঙ) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অনিয়মিত ও <u>অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের চাকরি বোর্ডের সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্তিকরণ:</u>**

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অনিয়মিত ও অস্থায়ীভাবে নিয়োজিত কর্মচারীদের সাংগঠনিক কাঠামোত অন্তর্ভূক্তির জন্য ২১/০৯/২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এ বিষয়ে কর্মচারীদের দায়েরকৃত একটি মামলায় আদালতের নির্দেশনার উল্লেখ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ১৯ এপ্রিল, ২০১৮ খ্রি. তারিখে ০৫.০০.০০০০.১৫১.১৫.০৩৪.১৫ (অংশ-১).৭৯ নং স্মারকে জানিয়েছে যে, বিজ্ঞ আদালত কর্তৃক মামলার রায়ে নতুন করে পদ সৃজন করা বা টিওএন্ডই-তে পদ অন্তর্ভুক্তির বিষয়ে কোন দিক নির্দেশনা/পরামর্শ দেয়া হয়নি। ফলে বিজ্ঞ আদালত প্রদত্ত রায় বাস্তবায়নের ক্ষেত্রে সওব্য অনুবিভাগের কিছু করণীয় নেই।

এ বিষয়ে সভাপতি বলেন যে, বোর্ডের স্টাফবাস কর্মসূচিটি বহুদিন ধরে চলছে এবং এটি একটি নিয়মিত কাঠামোভূক্ত করা প্রয়োজন বিধায় সওব্য অনুবিভাগ থেকে এ বিষয়ে সত্বর পদক্ষেপ নেয়া আবশ্যক। এ বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের স্টাফবাস কর্মসূচি চলমান রাখার জন্য এটিকে বোর্ডের সাংগঠনিক কাঠামোভূক্ত করার জন্য সওব্য অনুবিভাগ ব্যবস্থা গ্রহণ করবে।**

**বাস্তবায়নে : (১) অতিরিক্ত সচিব, সওব্য অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়;**
**(২) অতিরিক্ত সচিব (সচিবালয় ও কল্যাণ), জনপ্রশাসন মন্ত্রণালয় এবং**
**(৩) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(চ) **স্টাফবাসের গ্যারেজের স্থান নির্বাচন।**

বোর্ড সভার সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গত ১৭/০১/২০১৮খ্রি. তারিখে বিভাগীয় কমিশনার ঢাকা-কে স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর জন্য একটি মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। মৌখিকভাবেও একাধিকবার অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে অদ্যাবধি কোন তথ্য বা উদ্যোগ অবহিত করা হয়নি মর্মে সভাকে অবহিত করা হয়। সভাপতি, বিভাগীয় কমিশনার, ঢাকা-কে গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: ঢাকা বিভাগীয় কমিশনার সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণের সাথে সভা করে স্টাফবাস কর্মসূচির গাড়িগুলোর মেরামত কারখানা ও গ্যারেজ নির্মাণের লক্ষ্যে সরকারি খাস জমি বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করবেন।**

**বাস্তবায়নে : (১) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**(২) বিভাগীয় কমিশনার, ঢাকা।**

(ছ) **সরকারি দায়িত্ব পালনের কারণে কোন কর্মচারী ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আবেদন বিবেচনা।**

মহাপরিচালক সভাকে জানান যে, ২৭তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত উপকমিটির সভা ২৯/০১/২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। কমিটির গৃহীত সিদ্ধান্তসমূহ হচ্ছে (১) এ বিষয়ে পৃথক নীতিমালার প্রয়োজন নেই। তবে আইনে যে বাছাই কমিটি গঠনের উল্লেখ রয়েছে তা গঠন করা যেতে পারে এবং বাছাই কমিটির কার্যপদ্ধতি সংক্রান্ত পরিপত্র জারী করা যেতে পারে। (২) মামলার মোট খরচের ২৫% অথবা ২ লাখ, যেটি কম তার জন্য বাছাই কমিটি সুপারিশ করবে। (৩) চাকরি জীবনে একবার এ খাত হতে সহায়তা দেওয়া যেতে পারে। (৪) অর্থ অনুমোদনের ক্ষেত্রে বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য করা যেতে পারে।

বোর্ডের মহাপরিচালক জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর আবেদনের অনুকূলে টাকা প্রদানের বিষয়টি সভায় উপস্থাপন করেন। বিভাগীয় কমিশনার, সিলেট জানান যে, সরকারি চাকুরি ক্ষেত্রে যে কোন কর্মচারী মামলায় জড়িত হলে সংশ্লিষ্ট অফিস হতে মামলার ব্যয় বাবদ অর্থ প্রদান করা যেতে পারে। এ জন্য আইনগত সহায়তা খাত রয়েছে। এটি কল্যাণ বোর্ডের পরিবর্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে দেয়া যেতে পারে। সভাপতি বলেন এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে। উপস্থিত সকল সদস্য এতে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত: সরকারি দায়িত্ব পালনের কারণে ব্যক্তিগতভাবে মামলায় জড়িত হওয়ার ক্ষেত্রে আইনগত ও আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।**

**বাস্তবায়নে : জনপ্রশাসন মন্ত্রণালয়।**

(জ) **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক নতুন ট্রেড কোর্স চালু করা।**

মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে আউট সোর্সিং করে প্রশিক্ষক নিয়োগের মাধ্যমে "স্বাস্থ্য পরিচর্যা" বিষয়ক নতুন ট্রেড কোর্স চালু করার বিষয়ে মহাপরিচালক জানান যে, এ নতুন কোর্স চালু করার নিমিত্তে একটি কোর্স কারিকুলাম তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা বিভাগ ও স্বাস্থ্য অধিদপ্তরের সাথে যোগাযোগ করে কোর্স ও সম্ভাব্য প্রশিক্ষক নির্বাচনের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

**সিদ্ধান্ত: সিভিল সার্জন/চিকিৎসা শিক্ষা ও প্রশাসনের সাথে যোগাযোগ করে স্বাস্থ্য পরিচর্যা বিষয়ক নতুন ট্রেড কোর্স চালুর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।**

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(ঞ) **২০১৭-১৮ অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা নতুন গাড়ী ক্রয় সংক্রান্ত:**

স্টাফবাস সার্ভিস কর্মসূচির জন্য ২০১৭-২০১৮অর্থবছরে বরাদ্দকৃত অর্থ দ্বারা ৭টি ৫২ সিটের গাড়ি ক্রয়ের বিষয়টি সভায় উপস্থাপন করা হয়। বর্তমানে ড্রাইভার, হেলপারের প্রাপ্যতা/স্বল্পতা, গ্যারেজের বর্তমান পরিস্থিতি, নতুন বাস ক্রয়ের উপযোগীতা ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত:** সার্বিক দিক যাচাই অন্তে গাড়ী ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(ঞ) **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে সরাসরি জনবল নিয়োগ:**

মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের ০৫টি প্রশিক্ষক পদে সরাসরি বিজ্ঞপ্তির মাধ্যমে, দারোয়ান পদে ০৬টি ও ০১টি সুইপার পদে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে।

**সিদ্ধান্ত:** প্রশিক্ষক, দারোয়ান এবং সুইপার নিয়োগ প্রক্রিয়া/বিধি অনুসরণপুর্বক সত্বর নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(ট) **স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধন সংক্রান্ত:**

বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক স্টাফবাস সার্ভিস কর্মসূচি ও মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের নীতিমালা সংশোধনের জন্য গত ০৮/০৩/২০১৭খ্রি. তারিখে ০৫.৮১.০০০০.০০১.০৩.০৬৯.১১(খন্ড)-১২৯ নং স্মারকের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় মৌখিকভাবে জানিয়েছেন যে, যেহেতু পদগুলো জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংগঠন ও ব্যবস্থাপনা ও অর্থ বিভাগের সম্মতি নেই সেহেতু এ পদগুলির নীতিমালা প্রণয়ন করা সম্ভব নয়।

**সিদ্ধান্ত: জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় কর্তৃক সৃজিত পদের নীতিমালা প্রণয়ন করা হয়। কর্মসূচির পদের নীতিমালা কি প্রক্রিয়ায় সম্পন্ন করা যায় তা যাচাই অন্তে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।**

**বাস্তবায়নে : পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

(ঠ) **বোর্ডের নিজস্ব আয় বৃদ্ধি বিষয়ক আলোচনা:**

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, অতিগোপনীয় বিধায় বাংলাদেশ ব্যাংক হতে Camel Rating list সংগ্রহ করা যায়নি। ইতোমধ্যে কিছু ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট হতে বিনিয়োগকৃত অর্থের মুনাফার হার জানিয়েছে। অন্য দিকে সরকারি ব্যাংকগুলিকে মনাফার হার বৃদ্ধির জন্য অনুরোধ করা হলে তারা ৫.৫% এর বেশী মুনাফা প্রদানে অপারগতা জানিয়েছে। সভাপতি এ বিষয়ে বলেন যে, ব্যাংক ও অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের বর্তমান অবস্থা ও মুনাফার হার বিবেচনা করে বিনিয়োগের বিষয় সিদ্ধান্ত নেয়া যেতে পারে।

**সিদ্ধান্ত: তপসীলভুক্ত বেসরকারি ব্যাংকসমূহের সুনাম, সক্ষমতা ও অবস্থান বিবেচনা করে কল্যাণ বোর্ডের সঞ্চিত অর্থের সর্বোচ্চ ২৫% বিনিয়োগ করা যেতে পারে।**

**বাস্তবায়নে : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**আলোচ্যসূচি ২.০।** বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ বিভাগীয় কার্যালয় নির্মানের জন্য খাস জমি বরাদ্দ/জমি সংগ্রহ।

সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারী এবং তাঁর পরিবারের সদস্যগণের সেবাদানের লক্ষ্যে ০৮টি বিভাগে এ বোর্ডের কার্যালয় রয়েছে। এর মধ্যে চট্টগ্রাম, খুলনা ও রাজশাহীতে কল্যাণ বোর্ডের নিজস্ব জমি (সম্পদ) রয়েছে। চট্টগ্রাম ও খুলনার জমিতে বহুতল ভবণ নির্মাণের জন্য নকশা প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন। চট্টগ্রাম ও খুলনা বিভাগীয় কার্যালয়ের ন্যায় সকল বিভাগীয় কার্যালয়ে বহুতল ভবন নির্মাণ করে নিজস্ব আয়ের উৎস তৈরি করে বোর্ডের আয় বৃদ্ধি করা গেলে কল্যাণমূলক কার্যক্রম পরিচালনা করা সহজতর হবে। উল্লেখিত বিভাগসমূহে খাস জমি বরাদ্দ পাওয়া না গেলে বোর্ডের ২০০৪ সনের ১নং আইনের ১২ (১) ধারা এর নির্দেশনা অনুসরণপূর্বক তহবিলের ব্যবস্থা করে জমি ক্রয় করা যেতে পারে।

সভাপতি এ বিষয়ে বিভাগীয় কমিশনারগণের দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, কল্যাণ বোর্ডের প্রত্যেক বিভাগীয় কার্যালয়ের জন্য ১-২ বিঘা খাস জমি বরাদ্দ অথবা জমি ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

**সিদ্ধান্ত: বিভাগীয় কমিশনার, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ-কে কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয় কমপ্লেক্স, কমিউনিটি সেন্টার, মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম ও আয়ের উৎস তৈরির জন্য বাণিজ্যিক ফ্লোর নির্মাণের নিমিত্ত খাস জমি প্রদানের নির্দেশনা প্রদান করেন। যদি খাস জমি না পাওয়া যায় তবে এ্যাকুইজিশন/ক্রয় করার ক্ষেত্রে সহযোগীতা প্রদান করতে হবে।**

***বাস্তবায়নে: (১) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।***
*(২) বিভাগীয় কমিশনার, বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।*
*(৩) উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।*

আলোচ্যসূচি ৩.০। বোর্ড তহবিল হতে প্রদেয় অনুদানে (জটিল চিকিৎসা, দাফন ও শিক্ষাবৃত্তি) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও বোর্ডের নিবন্ধিত ১৯টি স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীদের অন্তর্ভূক্তি।

মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, বেসামরিক সরকারি কর্মচারীরা বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি, জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদান এবং দাফন অনুদানের সুবিধাসমূহ পায়। কিন্তু বোর্ডের নিজস্ব কর্মচারীগণ এবং বোর্ডের তালিকাভুক্ত ১৯টি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীগণ উক্ত সুবিধাসমূহ পায় না। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আইন, ২০০৪ সালের ০১ নং আইনের ২ (ঋ) ধারা অনুসারে বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের 'কর্মচারী' হিসেবে সংজ্ঞায়িত করায় তাঁরাও বোর্ড তহবিল হতে প্রদেয় হারে শিক্ষাবৃত্তি, জটিল ও ব্যয়বহুল রোগের ক্ষেত্রে দেশে ও বিদেশে চিকিৎসার জন্য অনুদান এবং দাফন অনুদানসহ অন্যান্য সুবিধা পেতে পারে। সভাপতি এ বিষয়ে বলেন যে, আইনের কোন বাধা না থাকলে বোর্ড ও ১৯টি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে জটিল রোগের চিকিৎসা, দাফন ও শিক্ষাবৃত্তি প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড ও বোর্ডের তালিকাভূক্ত ১৯ (উনিশ) টি স্বায়ত্বশাসিত সংস্থার কর্মচারীগণকে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা সাহায্য, শিক্ষাবৃত্তি, দাফন-অন্ত্যেষ্টিক্রিয়া অনুদান প্রদান করতে হবে।

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৪.০। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালককে বোর্ডের কর্মকর্তাদের আন্তঃকর্মস্থল বদলীর ক্ষমতা প্রদান।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিজস্ব/প্রেষণে নিয়োগকৃত উপপরিচালক ও পরিচালক পদের বদলী জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাধ্যমে হয়ে থাকে। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের মহাপরিচালককে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩ এর ২(১০) বিধি অনুযায়ী উপপরিচালক ও পরিচালক পদমর্যাদার নিজস্ব কর্মকর্তা/প্রেষণে নিয়োজিত কমকর্তার বদলী করার ক্ষমতা প্রদান করা যেতে পারে বলে মহাপরিচালক সভাকে অবহিত করেন। সভাপতি এ বিষয়ে বলেন যে, মহাপরিচালক পদটি সচিব পদ মর্যাদার হওয়ায় উপপরিচালক ও পরিচালক পদে আন্তঃকর্মস্থল বদলীর ক্ষমতা মন্ত্রণালয়ে না রেখে কল্যাণ বোর্ডকে প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত : বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের উপপরিচালক ও পরিচালক পদমর্যাদার নিজস্ব কর্মকর্তা/প্রেষণে নিয়োজিত কমকর্তার বদলীর কার্যক্রম মহাপরিচালক সম্পন্ন করবেন।**

**বাস্তবায়নে : মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

আলোচ্যসূচি ৫.০। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়, খুলনায় অবস্থিত কমিউনিটি সেন্টারের সংস্কার।

সভায় জানানো হয় যে, খুলনার জোড়া গেইট এলাকায় ১৯৮৮ সালে নির্মিত বোর্ডের কমিউনিটি সেন্টার কাম অডিটোরিয়ামটি বর্তমানে প্রায় পরিত্যক্ত ও ব্যবহার অনুপযোগী হয়েছে। উক্ত জমিতে বহুতল ভবন নির্মাণের জন্য নকশা প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন। এ বিষয়ে বিভাগীয় কমিশনার, খুলনা জানান যে, বর্তমান প্রেক্ষাপটে উক্ত জমিতে বহুতল বাণিজ্যিক ভবন নির্মাণ করা লাভজনক হবে না। এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় কমিউনিটি সেন্টারটির সংস্কার করাই যুক্তিযুক্ত হবে বলে অভিমত ব্যক্ত করেন। খুলনার উপপরিচালক জানান, অডিটোরিয়ামের সঙ্গে পূর্বদিকে মূল সড়কের অংশে প্রায় ৩০'×২০০' জায়গা রয়েছে। ঐ জায়গায় মূল সড়কের সাথে দোতলা ভবন (মার্কেট আকারে নির্মাণ) করা হলে এলাকাটির যথাযথ ব্যবহার

নিশ্চিত করা সম্ভব হবে। বোর্ডের আয় বৃদ্ধি পাবে এবং এলাকাটির পরিবেশ উন্নত হবে উপরন্ত জমির দখল নিশ্চিত হবে। এ বিষয়ে সভায় সকলে একমত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত :** বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের নিয়ন্ত্রণাধীন খুলনা কল্যাণ কেন্দ্রের (অডিটরিয়াম) সংস্কারপূর্বক ব্যবহার উপযোগীকরণ এবং ভবনের পার্শ্বের জমিতে পরিকল্পিতভাবে দোকানঘর নির্মাণ করা যেতে পারে।

**বাস্তবায়নে : ১। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**২। পরিচালক(উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**

**আলোচ্যসূচি ০৬.০। বিবিধ:**

**বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে গত ১৯-২০ মার্চ, ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২ দিনব্যাপী "নাগরিক সেবায় উদ্ভাবন" প্রশিক্ষণ কর্মশালায় উপস্থাপিত বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগের মধ্যে নিম্নবর্ণিত উদ্যোগটি অনুমোদন প্রসংগে।**

**(১) <u>সেবা সহজিকরণ কার্যক্রম রেপ্লিকেশনের জন্য বিভাগীয় পর্যায়ের (আঞ্চলিক) উপকমিটি পূণর্গঠন:</u>**

কল্যাণ বোর্ডের সেবা সহজিকরণ কার্যক্রম (সাধারণ চিকিৎসা ও শিক্ষাবৃত্তি) প্রধান কার্যালয়ে ২০১৬-১৭ অর্থবছর হতে বাস্তবায়িত হচ্ছে। এ কার্যক্রমের আওতায় সাধারণ চিকিৎসা অনুদানের পূর্ববর্তী মাসের সকল আবেদন পরবর্তী মাসের ৭ তারিখে বাছাই কমিটির সভায় বাছাইঅন্তে অর্থ সুপারিশ, ১৫ তারিখে উপ কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন, ২০ তারিখের মধ্যে মঞ্জুরিকৃত অর্থ সংশ্লিষ্ট আবেদনকারীর ব্যাংক হিসাবে EFT এর মাধ্যমে প্রেরণের জন্য এ্যাডভাইস ব্যংকে প্রেরণ এবং ক্ষুদেবার্তা প্রেরণের মাধ্যমে সহজীকরণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

বিভাগীয় পর্যায়ে সাধারণ চিকিৎসা অনুদানের উপকমিটির সভাপতি হলেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার। বিভিন্ন কর্মব্যস্ততার জন্য অতিরিক্ত বিভাগীয় কমিশনারের পক্ষে সবসময় প্রতি মাসের ১৫ তারিখে উপকমিটির সভা অনুষ্ঠান করা সম্ভব হয় না। ফলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন, সিটিজেন চার্টারে নির্ধারিত সময়ে সেবা প্রদান, বিভাগীয় পর্যায়ে সেবা সহজিকরণ কার্যক্রম শতভাগ পতিপালন, সেবাপ্রার্থীদের ভোগান্তি দুর করা সম্ভব হচ্ছে না। এ জন্য বিভাগীয় পর্যায়ে সেবা সহজিকরণের লক্ষ্যে উপকমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা যেতে পারে:

**<u>পুনর্গঠিত উপকমিটি:-</u>**

| | | | |
|---|---|---|---|
| (০১) | পরিচালক/উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়। | - | সভাপতি |
| (০২) | বিভাগীয় কমিশনার মহোদয়ের প্রতিনিধি (সহকারী কমিশনার এর নিম্নে নহে) | - | সদস্য |
| (০৩) | পরিচালক, বিভাগীয় কার্যালয়, স্বাস্থ্য অধিদপ্তর এর প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদা সম্পন্ন) (সাধারণ চিকিৎসানের ক্ষেত্রে)/পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি (সহকারী পরিচালক পদমর্যাদা সম্পন্ন) (শিক্ষাবৃত্তি, ক্লাব-কমিউনিটি সেন্টার এর অনুদানের ক্ষেত্রে) | - | সদস্য |
| (০৪) | সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার/কল্যাণ অফিসার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়। | - | সদস্য-সচিব |

**সিদ্ধান্ত : বিভাগীয় পর্যায়ে সেবা সহজিকরণের লক্ষ্যে প্রস্তাবিত উপকমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।**

**বাস্তবায়নে : ০১। মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।**
**০২। বিভাগীয় কমিশনার (সকল)**
**০৩। উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়।**

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১.৬.১৮

(ড. মোঃ মোজাম্মেল হক খান)
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।